

আহ মদ বাদ

আহা মদ বাদ
মাংস ও বাদ
মৎস্যও বাদ
বল্লভাচারী জৈনপীঠ।

তবুও তনুতে
অণুতে অণুতে
রক্তের স্বাদ
পেতে চায় কেন হিংসাকীট।

গান্ধীশতকে
চোখের পলকে
যা তুমি দেখালে
পিতৃঋণের সে অবদান

শুনে মনে হয়
পছন্দ নয়
মুছে দিতে চাও
তোমার ও নাম মুসলমান।

অন্নদাশঙ্কর রায়

